দৈনিক বাংলা

097

২৩।৬।৮২

# ৪ঠা অক্টোবর বিসিএস পরীক্ষা

বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারে আনুমানিক ২,৪৯০টি শূন্য পদ পূরণের জন্য ৪ঠা অক্টোবর ৮২ তারিখে পাবলিক সার্ভিস কমিশন সম্মিলিত প্রতিযোগিতামূলক পরীক্ষা নেবে। পরীক্ষা একই সঙ্গে ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রাজশাহীতে অনুষ্ঠিত হবে।

খবর তথ্য বিবরণীর।

মোট ১৬০০ নম্বরের মধ্যে পরীক্ষা হবে। এর মধ্যে বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও অংকে ৭০০ নম্বরের লিখিত পরীক্ষা, ২০০ নম্বরের মৌখিক পরীক্ষা এবং মনস্তাত্বিক ও বুদ্ধিমত্তা পরীক্ষার জন্য ১০০ নম্বর। মোট ১০০০ নম্বর সকল পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

বাকী ৬০০ নম্বরের জন্য ২০০ থেকে ৬০০ এর মধ্যে প্রার্থীদে ক্যাডার ও পদের জন্য অগ্রাধিকার এবং পছন্দের উপর এবং বিগত শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে পরীক্ষা দিতে হবে।

প্রার্থীদের পহেলা জুন ১৯৮২ তারিখ পর্যন্ত ২১ থেকে ২৮ বছর হতে হবে মুক্তিযোদ্ধা ও মহিলা প্রার্থীদের জন্য বয়স ৩০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

বিসিএস এ্যাডুকেশন, সাধারণ এবং কারিগরি, বিসিএস স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা এবং বিসিএস

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিসিএস পরীক্ষা

(১ম পৃঃ পর)

বিচার প্রার্থীদের বয়স ২১ থেকে ৩২ বছর পর্যন্ত হতে হবে।

ক্যাডার এবং পদসমূহে, শিক্ষাগত যোগ্যতা এবং দরখাস্ত ফরম, সিলেবাস এবং পরীক্ষা সম্পর্কিত নিয়মকানুনের বিস্তারিত বিষয় ১২ টাকা মূল্যের পোস্টেজসহ ঠিকানা সম্বলিত ১৫×৬ সাইজের খাম প্রেরণ করে অথবা ব্যক্তিগতভাবে (১) সচিব বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, কমিশনস ভবন, চতুর্থ তলা, ঢাকা-২ (২) পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, প্লট নং ৪৯, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম; (৩) পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন ৩৭, খালিশপুর হাউজিং এস্টেট, পোঃ মুজগুন্নি, খুলনা এবং (৪) পরিচালক, আঞ্চলিক অফিস, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, বি-৪৯৪, প্যারা মেডিক্যাল রোড, রাজশাহী, (৫) বিদেশে বাংলাদেশ মিশনগুলোও এ ব্যাপারে যোগাযোগ করতে পারবে।

ভর্তি পরীক্ষার জন্য দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ হচ্ছে ৭ই আগস্ট ১৯৮২।